সমকাল

তারিখ ... 17 JUL 2015 ...
পৃষ্ঠা ... ১৭ কলাম ... ৩ ...

# এইচএসসির প্রশ্ন ফাঁসের অভিযোগে গ্রেফতার ৬

সমকাল প্রতিবেদক

এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে রাজধানীর ডেমরা থেকে ছয়জনকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। বুধবার রাতে এ অভিযান চালানো হয়। গ্রেফতারকৃতদের মধ্যে ডেমরার গোলাম মোস্তফা মডেল কলেজের ব্যবস্থাপনা কমিটির সদস্য ও পরিচালনা বোর্ডের সহকারী পরিচালক ড. রুদুল মজিদও রয়েছেন।

গ্রেফতার অপর-পাঁচজন হলেন- রায়হান চৌধুরী ওরফে ড্যান ব্রাউন, রাহুল মিয়া, রায়হান মিয়া, আরেফিন রাব্বি ও অভি আবদুল্লাহ। তাদের মধ্যে রায়হান চৌধুরী প্রশ্ন-ফাঁস চক্রের হোতা বলে দাবি ডিবির। তিনি ফেসবুকে, ড্যান ব্রাউন ছদ্মনামে অ্যাকাউন্ট খুলে ইনবক্সে বার্তা দিয়ে শিক্ষার্থীদের সঙ্গে যোগাযোগ করতেন।

ডিএমপি মিডিয়া সেন্টারে গতকাল এক সংবাদ সম্মেলনে ডিবির যুগ্ম কমিশনার মনিরুল ইসলাম বলেন, প্রতারণার শিকার ১৫ জন শিক্ষার্থীর অভিযোগের ভিত্তিতে তদন্তে নেমে এই চক্রের সন্ধান পাওয়া যায়। রায়হান চৌধুরী প্রশ্ন ফাঁসের কথা বলে প্রতি শিক্ষার্থীর কাছ থেকে ১০-২০ হাজার টাকা নিয়েছেন। তদন্তে অর্থ লেনদেন বিষয়ে নিশ্চিত হওয়া গেছে।

মনিরুল বলেন, এই চক্রটি চলতি বছর ও এর আগের বছরগুলোয় প্রশ্ন ফাঁস করেছে বলে তথ্য রয়েছে। প্রশ্ন ফাঁসের সঙ্গে গোলাম মোস্তফা মডেল কলেজের কয়েকজন শিক্ষক-কর্মকর্তার জড়িত থাকার অভিযোগ পাওয়া গেছে। সংশ্লিষ্টতা পাওয়া গেলে তাদেরও গ্রেফতার করা হবে।

ডিবি কর্মকর্তারা জানান, প্রশ্ন ফাঁসের কথা বলে টাকা হাতিয়ে নেওয়া হলেও তাদের দেওয়া প্রশ্নের সঙ্গে মূল প্রশ্নের মিল ছিল না। এ বিষয়ে শিক্ষার্থীরা অভিযোগ করলে রায়হান তাদের উত্তরপত্রে নম্বর বাড়িয়ে দেওয়ার আশ্বাস দেন। শেষ পর্যন্ত নম্বর বাড়ানো হয়েছে কিনা তা এইচএসসির ফল বের হওয়ার আগে জানার সুযোগ নেই। ডিবি জানায়, বুধবারের অভিযানে গ্রেফতারকৃতদের কাছ থেকে প্রশ্ন ফাঁসের কাজে ব্যবহৃত দুটি কম্পিউটার, একটি ট্যাব, একটি ল্যাপটপ, নয়টি বিভি মোবাইল ফোন, পরীক্ষার উত্তরপত্র, ফেসবুক অ্যাকাউন্ট ও বিকাশ অ্যাকাউন্টের হিসাব রাখার নথিপত্র জব্দ করা হয়।